গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ **সরকার**
শিক্ষা মন্ত্রণালয়

নং-শাঃ৪/১জ-১০/৯৯/৬৯-শিক্ষা

১১/০১/১৪০৭ বঃ
তারিখঃ ------------------
২৪/০৪/২০০০ খ্রিঃ

প্রেরক ঃ মোহাঃ ওয়ালিউর রহমান
সিনিয়র সহকারী সচিব (অনুদান)।

প্রাপক ঃ পরিচালক
বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো (**ব্যানবেইস**)
পলাশী-নীলক্ষেত, ঢাকা-১২০৫।

বিষয় ঃ **১৯৯৯-২০০০ অর্থ বছরে বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারী অংশ প্রদান প্রসংগে।**

আদিষ্ট হয়ে উল্লিখিত বিষয়ে জানানো যাচ্ছে যে, এতদসংগে **সংযুক্ত** তালিকায় বর্ণিত যথাযথ স্বীকৃতিপ্রাপ্ত সাপেক্ষে নিম্নমাধ্যমিক বিদ্যালয় (পরিশিষ্ট 'ক'), মাধ্যমিক বিদ্যালয় (পরিশিষ্ট 'খ'), কলেজ (পরিশিষ্ট 'গ') এবং মাদ্রাসাসমূহের (পরিশিষ্ট 'ঘ') স্টাফিং প্যাটার্ণ মোতাবেক বিধি সম্মতভাবে নিয়োজিত শিক্ষক/কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারী অংশ নিম্নলিখিত শর্ত সাপেক্ষে প্রদান করতে সরকার সদয় সম্মতি জ্ঞাপন করেছে ঃ-

শর্তাবলী ঃ

(ক) প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের প্রত্যেক শিক্ষক/কর্মচারীদের **স্ব-স্ব নামে** ব্যাংকে হিসাব খুলতে হবে।

(খ) প্রচলিত স্টাফিং প্যাটার্ণ এর শর্ত পূরণ করতে হবে। **কোন পদ শূন্য** হলে/থাকলে অথবা নতুন নিয়োগের স্থলে মহিলা শিক্ষিকা নিয়োগ করতে হবে। **এই অবস্থা মোট** পদের ৩০% পূরণ না হওয়া পর্যন্ত চলতে থাকবে।

(গ) ১৯৯৯-২০০০ অর্থ বছরে এম.পি.ও ভুক্তির জন্য নির্বাচিত **প্রতিষ্ঠানকে** পরীক্ষামূলক ভিত্তিতে ১(এক) বছরের জন্য এম.পি.ও ভুক্ত [illegible]।

(ঘ) ২৪শে অক্টোবর'৯৫ তে জারীকৃত (পরবর্তীতে **সংশোধিত -যদি হয়ে থাকে**) বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির **সরকারী অংশ প্রদান** ও জনবল কাঠামো সম্পর্কিত নীতিমালায় বর্ণিত শর্তসমূহ পূরণ করতে হবে। কোন **প্রতিষ্ঠান এই শর্ত** পূরণে ব্যর্থ হলে পরবর্তী অর্থ বছরে এম.পি.ও ভুক্তি বাতিল করা হবে।

(ঙ) ১৯৯৯-২০০০ অর্থ বছরে এম.পি.ও ভুক্তির জন্য **নির্বাচিত প্রতিষ্ঠানসমূহের** শিক্ষক/কর্মচারীদের প্রয়োজনীয় তথ্য যথা- ব্যানবেইস ফরম, সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের **শিক্ষক/কর্মচারীদের** শিক্ষাগত সনদপত্র, ২(দুই) কপি ছবি, নিয়োগপত্র, অঙ্গীকার পত্র, স্ব-স্ব ব্যাংক **একাউন্ট** এর মূল কপি ব্যানবেইসে এবং অনুলিপি মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে **প্রেরণ** করতে হবে। উল্লিখিত কাগজপত্র অবশ্যই আগামী ২৫/০৫/২০০০ তারিখের মধ্যে ব্যানবেইস-**এ পৌছাতে হবে**। অন্যথায় এমপিওভুক্তির প্রদত্ত আদেশ বাতিল বলে গন্য হবে।

২। ১৯৯৯-২০০০ অর্থ বছরে এম.পি.ও ভুক্তির জন্য নির্বাচিত **প্রতিষ্ঠানসমূহের** এম.পি.ও ভুক্তির সরকারী আদেশ ১৫/০৫/২০০০ থেকে কার্যকর হবে।

৩। উল্লিখিত প্রতিষ্ঠানসমূহের ব্যয় ১৯৯৯-২০০০ অর্থ বছরের **০০১৩-৫৯৩১** বেসরকারী শিক্ষকদের বেতন সহায়তা খাত থেকে মিটানো হবে।

২৪-০৪-২০০০
(মোহাঃ ওয়ালিউর রহমান)
সিনিয়র সহকারী সচিব

অব্যাহত পৃষ্ঠা/২